

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় নদী রক্ষা কমিশন
হোসাইন টাওয়ার (১২তলা)
বীরপ্রতীক গোলাম দস্তগীর রোড
১১৬, নয়াপল্টন, ঢাকা-১০০০
www.nrccb.gov.bd



২৩ মাঘ ১৪২৮

নং-১৮.২০.০০০০.০১৮.৯৯.০১৮.২০২১-১৯২

তারিখ : ৬ ফেব্রুয়ারি ২০২২


নিলাম বিজ্ঞপ্তি

জাতীয় নদী রক্ষা কমিশনের অব্যবহৃত গ্লাস পার্টিশন, থাই এ্যালুমিনিয়াম, টেম্পার ডোর, স্লাইড ডোর, পুরাতন ফ্যান ও পুরাতন লাইট নিলামে বিক্রয়ের নিমিত্ত প্রকৃত ক্রেতা/ব্যবসায়ী প্রতিষ্ঠানকে নিজস্ব প্যাডে সীলমোহরকৃত খামে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ২০/২/২০২২ তারিখ, রবিবার বেলা ১২:০০ ঘটিকার মধ্যে কমিশন কার্যালয়ের ১১তম তলায় রক্ষিত বাক্সে দর দাখিলের জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য যে, একই দিন বেলা ১২.৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দাখিলকৃত দর উন্মুক্ত করা হবে।

নিলামে বিক্রয়যোগ্য মালামালসমূহ কমিশনের কার্যালয়ে রক্ষিত আছে। মালামালগুলো অফিস চলাকালীন সময়ে সরেজমিনে দেখা যাবে এবং উপপরিচালক (প্রশাসন ও অর্থ) নিকট হতে এতদসংক্রান্ত সকল তথ্য জানা যাবে। নিলামে বিক্রয়যোগ্য মালামালের তালিকা নিম্নে দেয়া হলো:

ক্রম	মালামালের বিবরণ	পরিমাণ/সংখ্যা	নিলামে প্রদত্ত দর	
			একক দর	মোট মূল্য
১	গ্লাস পার্টিশন	২,২৪১ বর্গফুট		
২	থাই এ্যালুমিনিয়াম	২০৬৬ ফুট		
৩	টেম্পার ডোর	১০ পিস (৩ ফুট X ৭ ফুট)		
৪	স্লাইড ডোর	১৪ পিস (৩ ফুট X ৭ ফুট)		
৫	ফ্যান	২৩ টি		
৬	লাইট	৭৪ টি		
			সর্বমোট মূল্য	
			১০% ভ্যাট	
			ভ্যাটসহ সর্বমোট মূল্য	

- এ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী ১৭/২/২০২২ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সরেজমিনে দেখা যাবে;
- আগ্রহী প্রতিষ্ঠানকে দর দাখিলের সময় একক মূল্য ও মোট মূল্য নিজস্ব প্যাডে দাখিল করতে হবে। সর্বোচ্চ দরদাতার নিকট মালামাল বিক্রয় করা হবে;
- দাখিলকৃত দরদাতাকে দরপত্রের সাথে উদ্ধৃত দরের ১০% জামানত পে-অর্ডারের মাধ্যমে (ফেরতযোগ্য) চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন বরাবর জমা দিতে হবে;
- নির্বাচিত ১ম সর্বোচ্চ দরদাতাকে অফিস আদেশ দেওয়ার ২ (দুই) দিনের মধ্যে উদ্ধৃত টাকা সরকারি কোষাগার/ ট্রেজারি চালানোর মাধ্যমে জমা দিতে হবে;
- অফিস আদেশ অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে মালামালসমূহ গ্রহণের নিমিত্ত উদ্ধৃত টাকা সরকারি কোষাগার/ ট্রেজারি চালানোর মাধ্যমে জমা না দিলে দরপত্রের সাথে জমাকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে;
- নির্বাচিত দরদাতাকে নির্ধারিত সময়ের মধ্যে নিজ দায়িত্বে মালামাল সংগ্রহ করতে হবে অন্যথায় তার জমাকৃত উদ্ধৃত টাকা বাজেয়াপ্ত করা হবে;
- দাখিলকৃত দরদাতা প্রতিষ্ঠানকে দর দাখিলের সময় হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট ও আয়কর সনদ দাখিল করতে হবে; এবং
- কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দর গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।


ড. খ ম কবিরুল ইসলাম
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
দুরালাপনী: ৫৮৩১৪০৯৭